গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০০৬.২০০৬ ( অংশ-১)-৫৬ তারিখঃ ০১.০২.২০১৫ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ৫০ শয্যা বিশিষ্ট বার্ণ ইউনিটে কর্মরত জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯.০৫.২০১৪ তারিখের ০৫.০১৫৯.০১৫.৪৫.০০.০০৭.২০০৭-১৯২ সংখ্যক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর ২৭.১১.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.৭৮.২০১৪-৬৭ সংখ্যক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২০.০১.২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.১৩৫.১২-১২ সংখ্যক স্মারক সমুহের সম্মতির প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ৫০ শয্যা বিশিষ্ট বার্ণ ইউনিটে বর্তমানে কর্মরত নিম্নবর্ণিত ১৪ (চৌদ্দ)টি পদ জনবলসহ রাজস্বখাতে স্থানান্তরে শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। পদসমুহের বিবরণ নিম্নরুপ:

| ক্র: নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতন স্কেল (জা:বে:স্কে:,২০০৯) | মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা মোতাবেক যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | সহযোগী অধ্যাপক (এনেসথেসিওলজি) ০১ (এক)টি | টা. ২৩৭৫০-৩৩৭৫০/- (৪নং স্কেল) | ১। ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এম.বি.বি.এস ডিগ্রী অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা যাহা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত।<br>খ) হালনাগাদ বি.এম.ডি.সি রেজিষ্ট্রেশন।<br>এবং<br>২। ক) সংশ্লিষ্ট বিষয়ে সহকারী অধ্যাপক হিসাবে অথবা সিনিয়র কনসালটেন্ট হিসাবে বার্ণ ও প্লাষ্টিক সার্জারীতে স্বীকৃত অধ্যাপকের তত্ত্বাবধানে ০৩ (তিন) বছরের শিক্ষকতা ও বাস্তব কাজের অভিজ্ঞতা এবং তদসংগে যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে নিম্নবর্ণিত স্নাতকোত্তর ডিগ্রী বা ডিপ্লোমা অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা যাহা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত।<br>পি.এইচ.ডি (প্লাষ্টিক সার্জারী)<br>এফ.সি.পি.এস (প্লাষ্টিক সার্জারী/শিশু মেডিসিন/রেডিওলজি/ মেক্সিসোলফেসিলারী/ডিপ্লোমা ইন (এ্যানেসথেসিওলজী/ এমএস (প্লাস্টিক সার্জারী)/মেক্সিলোলফেসিলারী/এমডি (শিশু মেডিসিন/এমডি (এ্যানেসথেসিওলজী/ ডিসিএইচ এফআর সি এস (প্লাষ্টিক সার্জারী)/এফসিপিএস (এ্যানেসথেসিওলজী/(মেক্সিসোলফেসিলারী অথবা চাহিদা অনুযায়ী যদি যোগ্য প্রার্থী পাওয়া না যায়, সেক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীর ক্ষেত্রে ৪(চার) বছরের বার্ণ ও প্লাষ্টিক সার্জারীতে শিক্ষাকতার অভিজ্ঞতা যাহা বিএমডিসি কর্তৃক স্বীকৃত (ব্যাখ্যা) এ ক্ষেত্রে শিক্ষকতার অভিজ্ঞতা বলতে বুঝানো হয়েছে স্নাতকোত্তর ডিগ্রী শেষে লেকচারার রেজিষ্টার, রেসিডেন্ট সার্জন হিসাবে অভিজ্ঞতা)। অথবা<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে সহযোগী অধ্যাপক অথবা সিনিয়র কনসালটেন্ট অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের পদ মর্যাদায় বার্ণ প্লাষ্টিক সার্জারীতে ০৪(চার) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতাসহ তদসংগে স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্লাষ্টিক সার্জারীতে যে কোন পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী বা ডিপ্লোমা অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা যা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত । এবং |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্র: নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতন স্কেল (জা:বে:স্কে:,২০০৯) | মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা মোতাবেক যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | ৩। নিয়মিত গবেষণা মূলক কর্মকান্ড এবং বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত মেডিকেল জার্নালে কমপক্ষে ০৩টি প্রকাশনা।<br>৪। বার্ণ বিভাগে কাজের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>তবে শর্ত থাকে যে, ১ম শ্রেণীর ফিডার পদসহ সাকুল্য ১২ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | সহকারী অধ্যাপক (এনেসথেসিওলজি) ০২ (দুই)টি | টা: ১৮৫০০-২৯৭০০ ( ৬নং স্কেল) | ১। (ক) বি.এম.ডি,সি কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এম,বি,বি,এস ডিগ্রী অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(খ) হালনাগাদ বি,এম,ডি,সি রেজিষ্ট্রেশন। এবং<br>২। বি.এম.ডি,সি কর্তৃক স্বীকৃত নিম্নবর্ণিত স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা:<br>পি,এইচ,ডি (প্লাষ্টিক সার্জারী)<br>এফসিপিএস (প্লাষ্টিক সার্জারী/শিশু মেডিসিন/রেডিওলজি/ মেক্সিলোফেসিলারী/ডিপ্লোমা ইন এ্যানসথেসিয়া/এমএস (প্লাষ্টিক সার্জারী/ মেক্সিসোলফেসিলারী/এমডি (শিশু মেডিসিন/এমডি (এ্যানেসথিসিয়া)/ডিসিএইচ/এমফিল এফআরসিএস (প্লাষ্টিক সার্জারী/এফসিপিএস (এ্যানেস:)/ মেক্সিসোলফেসিলারী/প্রশিক্ষণ ও শিক্ষকতা এবং গবেষণামূলক কাজ ও প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। অথবা<br>তবে শর্ত থাকে যে, ১ম শ্রেণীর ফিডার পদসহ সাকুল্যে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | ক্লিনিক্যাল বায়োকেমিস্ট ০১ (এক)টি | টা: ১১০০০-২০৩৭০ (৯নং স্কেল) | ক)এম,বি,বি,এস পাশ।<br>খ)বি,এম,ডি,সি কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত এবং এমফিল করা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪ | মেডিকেল অফিসার (বার্ণ ও প্লাষ্টিক সার্জারী) ০৩ (তিন)টি | টা: ১১০০০-২০৩৭০ (৯নং স্কেল) | ক)এম,বি,বি,এস পাশ। বি,এম,ডি,সি কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত। |
| ৫ | এনেসথেসিওলজি টেকনিশিয়ান ০২(দুই)টি | টা: ৪৫০০-৯০৯৫ (১৭ নং স্কেল) | ক) এসএসসি পাশ<br>খ) [illegible] এনেসথেসিয়া টেকনিশিয়ান হিসাবে কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা। |
| ৬ | মেডিকেল টেকনোলজিষ্ট ০১ (এক)টি | টা: ৬৪০০-১৪২৫৫ (১১ নং স্কেল) | ক) এসএসসি পাশ।<br>খ) সরকার অনুমোদিত ইনষ্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্সে পাশ।<br>গ) সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০১(এক) বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৭ | ফিজিওথেরাপিষ্ট ০১(এক)টি | টা: ৬৪০০-১৪২৫৫ (১১ নং স্কেল) | ক) এসএসসি পাশসহ সরকার অনুমোদিত ইনষ্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্সে পাশ। সংশ্লিষ্ট পদে কর্মপক্ষে ১ (এক) বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্ন থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮ | রেকর্ড কিপার ০১(এক)টি | টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল) | ক) এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ। |
| ৯ | অফিস সহকারী ০১(এক)টি | টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল) | ক) এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটারে বাংলায় ২০ হতে ২৫ এবং ইংরেজীতে ৩০ হতে ৩৫ শব্দের গতি টাইপিং এর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্র: নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতন স্কেল (জা:বে:স্কে:,২০০৯) | মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা মোতাবেক যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১০ | গাড়ী চালক ০১(এক)টি | টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল) (হালকা লাইসেন্সধারীর ক্ষেত্রে) টা: ৫২০০-১১২৩৫ (১৫ নং স্কেল) (ভারী লাইসেন্স ধারীর ক্ষেত্রে) শর্ত থাকে যে, বর্তমান নিয়োজিত পদধারী অবসর মৃত্যুজনিত কারণে কিংবা অন্য কোন কারণে পদ শূন্য হলে পরবর্তীতে আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে। | অষ্টম শ্রেণী পাশ এবং গাড়ী চালানোর অভিজ্ঞতাসহ বৈধ হেভী ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |

তবে শর্ত থাকে যে,

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২০.০১.২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.১৩৫.১২-১২ সংখ্যক স্মারক অনুযায়ী উপরোক্ত ছকের ৩নং কলামে নির্ধারণকৃত বেতন স্কেল ৪ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুসারে কার্যকর হবে;

(খ) যে সকল পদ নিয়োগবিধির খসড়া অনুসারে বেতনস্কেল সুপারিশ করা হয়েছে, সে সকল পদে ৪নং কলামে নির্ধারিত যোগ্যতা/অভিজ্ঞতার হুবহু প্রতিফলন ঘটিয়ে নিয়োগবিধির খসড়া চূড়ান্তকরণ করতে হবে;

(গ) সমাপ্ত প্রকল্পের স্থানান্তরিত পদ রাজস্বখাতে নিয়মিতকরণের ক্ষেত্রে "উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ" বিষয়ে নতুন এসআরও জারী করতে হবে; অথবা উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব বাজেটে সৃজনকৃত কারিগরি পদের পদধারীদের নিয়োগ/নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০০৫ (এসআরও-২৬৪) এ প্রয়োজনীয় সংশোধন করতে হবে;

(ঘ) পদসমূহ সংরক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০১.০৫.২০০৩ তারিখের সপবি/কবিশা: কপগ-১১/২০০১-১১১ নং সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে;

(ঙ) সুপারিশকৃত ৪র্থ শ্রেণীর পদগুলোর মধ্যে মৃত্যু, অবসরজনিত বা অন্য কোন কারণে কোন পদ শূন্য হলে Outsourcing এর মাধ্যমে সে পদ পূরণ করতে হবে;

(চ) সুপারিশকৃত ১৪ (চৌদ্দ)টি পদে অব্যাহতভাবে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ প্রকল্প সমাপ্তির পর দিন অর্থাৎ ০১.০১.২০০৪ তারিখ হতে জিও জারীর পূর্বদিন পর্যন্ত "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট" শীর্ষক ওপি থেকে যে বেতন-ভাতাদি পেয়েছেন/পাবেন, তারা সে সময়ের জন্য কোন বর্ধিত ইনক্রিমেন্ট কিংবা অন্য কোন বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন না

(ছ) বিদ্যমান নিয়োগবিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে;

(জ) প্রকল্পের যানবাহন ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কেন্দ্রীয় পরিবহন পুলে সমর্পণ করা না হলে অবিলম্বে তা সমর্পণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০২। এ আদেশ জারীর পূর্বে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণসহ আবশ্যিক সকল অনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

০৩। উল্লেখিত পদসমূহের ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

স্বাঃ/-

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০০৬.২০০৬ ( অংশ-১)-৫৬/১(৪) তারিখঃ ০১.০২.২০১৫ খ্রি:

অনুলিপি ৪(চার) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা- ৬) প্রেরণ করা হলো।

স্বাঃ/-
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

নং- তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬) এর সম্মতি রয়েছে।

উপ-সচিব
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০০৬.২০০৬ ( অংশ ১)-৫৬/১( ১৬) তারিখঃ ০১.০২.২০১৫ খ্রি:

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। লাইন ডাইরেক্টর, হাসপাতাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, প্রশাসন/ অর্থ/ হাসপাতাল ও ক্লিনিক সমূহ/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৭। বিভাগীয় প্রধান, বার্ণ ও প্লাষ্টিক সার্জারী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৮। উপ-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ-সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১ সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১২। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

01.02.2015
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব